গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া
(রাজস্ব শাখা)
www.kushtia.gov.bd

স্মারক নং-০৫.৪৪.৫০০০.০০৫.১১.০১.২৪- ২৬৩

তারিখ: ২৯ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
১৩-মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়, মাঠ প্রশাসন-১ অধিশাখার ২৬ অক্টোবর, ২০২৩ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.০০৪.১৯.৪৯৪ নম্বর স্মারকে প্রদত্ত ছাড়পত্র এবং বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা এঁর ০৮.০২.২০২৪ তারিখের ০৫.৪৪.০০০০.০১২.৫১.০০৫.২৪-১০ নম্বর স্মারকের পরিপ্রেক্ষিতে কুষ্টিয়া জেলা রাজস্ব প্রশাসনের আওতাধীন রাজস্ব শাখা, ভূমি অধিগ্রহণ শাখা এবং উপজেলা ভূমি অফিসসমূহের নিম্নবর্ণিত শূন্য পদে অস্থায়ীভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে কুষ্টিয়া জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে। উল্লেখ্য, নিম্নোক্ত ১-৬ নং ক্রমিকে বর্ণিত পদগুলোতে নিয়োগের লক্ষ্য ইতোপূর্বে এ কার্যালয়ের ০১ এপ্রিল, ২০১৮ তারিখের ০৫.৪৪.৫০০০.০০৫.১১.০০১.২০১৬-৩৮৯ নম্বর স্মারকে প্রকাশিত বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে যারা আবেদন দাখিল করেছিলেন তাদের আর নতুন করে আবেদন করার প্রয়োজন নেই। তবে প্রার্থীগণের ভূমি মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী নিয়োগ বিধিমালা,২০২১ মোতাবেক কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণ/দক্ষতা থাকতে হবে।

| ক্র. নং | পদের নাম | শূন্য পদের সংখ্যা | গ্রেড ও বেতনস্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | নাজির-কাম-ক্যাশিয়ার | ০৫ (পাঁচ) | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষর গতি প্রতি মিনিটে সর্বনিম্ন ইংরেজিতে ২০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ থাকতে হবে। |
| ২. | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, | ০৬ (ছয়) | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষর গতি প্রতি মিনিটে সর্বনিম্ন ইংরেজিতে ২০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ থাকতে হবে। |
| ৩. | সার্টিফিকেট পেশকার | ০৫ (পাঁচ) | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষর গতি প্রতি মিনিটে সর্বনিম্ন ইংরেজিতে ২০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ থাকতে হবে। |
| ৪. | সার্টিফিকেট সহকারী | ০৫ (পাঁচ) | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষর গতি প্রতি মিনিটে সর্বনিম্ন ইংরেজিতে ২০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ থাকতে হবে। |
| ৫ | ক্রেডিট চেকিং-কাম-সায়রাত সহকারী | ০৫ (পাঁচ) | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষর গতি প্রতি মিনিটে সর্বনিম্ন ইংরেজিতে ২০ শব্দ এবং বাংলায় ২০) শব্দ থাকতে হবে। |
| ৬ | মিউটেশন-কাম-সার্টিফিকেট সহকারী | ০৫ (পাঁচ) | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষর গতি প্রতি মিনিটে সর্বনিম্ন ইংরেজিতে ২০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ থাকতে হবে। |

CamScanner

আবেদনের শর্তসমূহ :

০১. প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও কুষ্টিয়া জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২. প্রার্থীকে নিম্নবর্ণিত ফরমে স্ব-হস্তে আবেদন করতে হবে।

০৩. সরকার কর্তৃক চাকরির নির্ধারিত আবেদন ফরম সভাপতি, বিভাগীয় বাছাই কমিটি, খুলনা ও বিভাগীয় কমিশনার, খুলনাকে সম্বোধন করে আগামী ১৮ এপ্রিল, ২০২৪ তারিখের মধ্যে অফিস চলাকালে জেলা প্রশাসক, কুষ্টিয়া এঁর কার্যালয়ে ডাকযোগে পৌছাতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদন গ্রহণযোগ্য নয়। খামের উপর মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা(যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে। নির্ধারিত আবেদন ফরমটি জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া এঁর রাজস্ব শাখা হতে অথবা জেলা তথ্য বাতায়নের ওয়েব সাইট www.kushtia.gov.bd এর নোটিশ বোর্ড হতে সংগ্রহ করা যাবে। এছাড়া কুষ্টিয়া জেলার প্রতিটি ইউনিয়ন ডিজিটাল সেন্টার থেকে আবেদন ফরম ডাউনলোড করা যাবে।

০৪. নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা ও চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

০৫. আবেদনের সর্বশেষ তারিখ ১৮.০৪.২০২৪ তারিখে সাধারণ প্রার্থীর বয়সসীমা ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তান বা প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৬. এই নিয়োগ বিজ্ঞপ্তির শূন্য পদসমূহ পূরণে ভূমি মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২১ অনুসরণ করা হবে এবং প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে উক্ত বিধিমালা মোতাবেক লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। এতদ্ব্যতীত নিয়োগ সংক্রান্ত বিদ্যমান সরকারি যাবতীয় বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে; **উল্লেখ্য, উপরে বর্ণিত ১-৬ নং ক্রমিকের পদে নিয়োগের লক্ষ্যে ইতোপূর্বে এ কার্যালয়ের ০১ এপ্রিল, ২০১৮ তারিখের ০৫.৪৪.৫০০০.০০৫.১১.০০১.২০১৬-৩৮৯ নম্বর স্মারকে প্রকাশিত বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে যারা আবেদন দাখিল করেছিলেন তাদের আর নতুন করে আবেদন করার প্রয়োজন নেই। তবে প্রার্থীগণের ভূমি মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২১ মোতাবেক কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণ/দক্ষতা থাকতে হবে।**

০৭. আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।

(ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩(তিন) কপি ৫X৫ সে.মি আকারের রঙিন ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে এবং ০২(দুই) কপি স্ট্যাম্প সাইজের রঙিন ছবি দাখিল করতে হবে। সত্যায়ন কর্মকর্তার নাম, পদবিযুক্ত স্পষ্ট সীল থাকতে হবে।

(খ) সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

(গ) সকল শিক্ষাগত যোগ্যতা ও সকল অভিজ্ঞতা সনদপত্রের ফটোকপিসহ কম্পিউটার টাইপিং এর সনদপত্রের ফটোকপি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সীল দ্বারা সত্যায়িত)।

(ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নামযুক্ত সীল দ্বারা চারিত্রিক সনদপত্র।

(ঙ) প্রার্থী মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার পোষ্য হলে মুক্তিযোদ্ধা কোটায় আবেদীত চাকরি প্রার্থীদেরকে নির্ধারিত ফরমের সাথে নিম্নেবর্ণিত ছকে উল্লিখিত তথ্যাদি পূরণপূর্বক সনদের সত্যায়িত কপি আবেদন ফরমের সাথে দাখিল করতে হবে।

| প্রার্থীর নাম | মুক্তিযোদ্ধার নাম | মুক্তিযোদ্ধার পিতার নাম | মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা | মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র, জন্ম তারিখ ও জন্ম সনদ | মুক্তিযোদ্ধার সনদ নম্বর, মুক্তিবার্তা নম্বর ও তারিখ | গেজেট নম্বর ও তারিখ | মন্ত্রণালয়ের সনদ নম্বর তারিখ ও স্মারক নম্বর | বামুস সনদ নম্বর ও তারিখ | মুক্তিযোদ্ধার নাতি-নাতনী দাবী করার ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয়পত্র, পিতা-মাতার জাতীয় পরিচয় পত্র এবং মুক্তিযোদ্ধার সাথে সম্পর্কের বিষয়ে সনদ পত্র, | মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদপত্র পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা-মাতার নাগরিকত্ব সনদযুক্ত প্রমাণক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |

(চ) ট্রেজারি চালানের মাধ্যমে পরীক্ষার ফি বাবদ কোড নং ১-৪৬৪১-০০০১-২০৩১-তে ২০০/-(দুইশত) টাকা জমা প্রদান করে ট্রেজারি চালানের মুলকপি (প্রথম কপি) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(ছ) পদের নাম ও প্রার্থীর নাম ঠিকানা সংবলিত ১০(দশ) টাকার ডাক টিকিট লাগানো ০১(এক)টি ১০ ইঞ্চিX৪.৫ ইঞ্চি ফেরত খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

০৮. বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র এবং ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

০৯. চাকরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র দাখিল করতে হবে। এ ক্ষেত্রে আবেদন পত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

১০. সরকারি নীতিমালা মোতাবেক মুক্তিযোদ্ধার সন্তান/মহিলা/আনসার ভিডিপি/এতিম/শারীরিক প্রতিবন্ধী/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের জন্য কোটা সংক্রান্ত সরকারি বিধি বিধান অনুসরণ করা হবে। এ ক্ষেত্রে প্রার্থীকে তার কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে। অন্যথায় তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে।

১১. কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগ প্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২. লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদ, কম্পিউটার পরিচালনায় অভিজ্ঞতা/দক্ষতার প্রমাণস্বরূপ সনদপত্র ও কোটা সম্পর্কিত প্রমাণক সনদপত্রের মূল কপি উপস্থাপন/দাখিল করতে হবে।

১৩. নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবীর প্রার্থীর যোগ্যতার পরিপন্থি বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

CamScanner

১৪. নিয়োগের ক্ষেত্রে যদি আদালতের কোন নিষেধাজ্ঞা থাকে, কোন রিট/মামলা বিচারাধীন থাকে বা কোন মামলার রায় বাস্তবায়নের বিষয় অপেক্ষমান বা প্রক্রিয়াধীন থাকে; তবে আদালতের নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নপূর্বক বিদ্যমান বিধি-বিধান মোতাবেক শূন্য পদ পূরণের পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

১৫. একজন প্রার্থী শুধুমাত্র একটি পদে আবেদন করতে পারবেন; একাধিক পদে আবেদন করলে আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে।

১৬. কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন ও বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৭. নিয়োগকৃত পদে নিয়োগ ও চাকরির ক্ষেত্রে সরকার কর্তৃক আরোপিত শর্তাবলী প্রযোজ্য হবে।

১৮. এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না;

১৯. প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৩/৮/২০২৪

(মোঃ এহেতেশাম রেজা)
জেলা প্রশাসক
কুষ্টিয়া
ফোন-০২৪৭৭৭৮২৩০০
dckushtia@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৪.৫০০০.০০৫.১১.০১.২৪- ২৬৩(৭০)

তারিখ: ২১ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
০৫-০৮ ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, ৯৮ শহীদ তাজউদ্দিন আহমদ সরণি, তেজগাঁও, ঢাকা।
৬ বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা ও সভাপতি, বিভাগীয় বাছাই কমিটি, খুলনা।
৭. রেঞ্জ ডিআইজি, বাংলাদেশ পুলিশ, ও সদস্য বিভাগীয় নির্বাচনী বোর্ড, খুলনা বিভাগ, খুলনা।
৮. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা ও সদস্য, বিভাগীয় নির্বাচনী বোর্ড, খুলনা বিভাগ, খুলনা।
৯. বিভাগীয় কমিশনারের একান্ত সচিব ও সচিব, বিভাগীয় নির্বাচনী বোর্ড, খুলনা বিভাগ, খুলনা।
১০. উপপরিচালক, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন, আঞ্চলিক কার্যালয়, ও সদস্য, বিভাগীয় নির্বাচনী বোর্ড, খুলনা বিভাগ, খুলনা।

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও বহুল প্রচারের জন্য অনুলিপি প্রেরণে করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. জেলা প্রশাসক, খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/যশোর/নড়াইল/মাগুরা/ঝিনাইদহ/চুয়াডাঙ্গা/মেহেরপুর।
০২. পুলিশ সুপার, কুষ্টিয়া।
০৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কুষ্টিয়া।
০৪. সিভিল সার্জন, কুষ্টিয়া।
০৫. ডেপুটি পোস্ট মাস্টার জেনারেল, কুষ্টিয়া।
০৬. সিনিয়র তথ্য অফিসার, কুষ্টিয়া।
০৭. উপজেলা নির্বাহী অফিসার, ..................(সকল), কুষ্টিয়া।
০৮. সহকারী কমিশনার (ভূমি), ..................(সকল), কুষ্টিয়া।
০৯. সহকারী পরিচালক, জেলা জনশক্তি ও কর্মসংস্থান ব্যুরো, কুষ্টিয়া।
১০ প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, কুষ্টিয়া। তাকে বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসক, কুষ্টিয়ার ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

| | | |
|---|---|---|
| ১১ | ক. সম্পাদক......................(বাংলা), ঢাকা।<br>খ. সম্পাদক......................(বাংলা), কুষ্টিয়া। | নিয়োগ বিজ্ঞপ্তিটি আগামী ............. খ্রিস্টাব্দের মধ্যে ০১(এক) দিনের জন্য তার পত্রিকায় (অনলাইনসহ) ভিতরের পাতায় স্বল্প পরিসরে প্রকাশ করে পত্রিকার ০৫(পাঁচ) কপি এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। |

১২ নোটিশ বোর্ড, জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া।

৩/৮/২০২৪

(মোঃ এহেতেশাম রেজা)
জেলা প্রশাসক
কুষ্টিয়া

CamScanner

## চাকরির আবেদন ফরম

| ছবি<br>৫X৫ সে.মি. ছবি<br>(সম্প্রতি তোলা) |
|---|

বরাবর
সভাপতি
বিভাগীয় বাছাই কমিটি, খুলনা ও
বিভাগীয় কমিশনার, খুলনা।

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম : | | | | | | | | | | | |
| ২. | বিজ্ঞপ্তির নম্বর : | | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র | |
| ৩. | প্রার্থীর নাম | বাংলায় : | | | | | | | | | | |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে) | | | | | | | | | | |
| ৪. | জাতীয় পরিচয় নম্বর | | | | | | | | | | | (যে কোনো একটি) |
| | জন্মনিবন্ধন নম্বর | | | | | | | | | | | |
| ৫. | জন্ম তারিখ : | | | ৬. জন্মস্থান (জেলা): কুষ্টিয়া | | | | | | | | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়সঃ | | বছর | | মাস | | দিন | | | | | |
| ৮. | মাতার নাম : | | | | | | | | | | | |
| ৯. | পিতার/স্বামীর নাম : | | | | | | | | | | | |

| | | | |
|---|---|---|---|
| ১০. | ঠিকানা : | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর): | | |
| | গ্রাম/পাড়া/মহল্লাঃ | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড : | | |
| | ডাকঘর : | | |
| | পোস্টকোড নম্বর : | | |
| | উপজেলা : | | |
| | জেলা : | | |
| ১১. | যোগাযোগ | মোবাইল/টেলিফোন নম্বর | ই-মেইল (যদি থাকে) |

| | | | |
|---|---|---|---|
| ১২. | জাতীয়তা : | ১৩. | জেন্ডার : |
| ১৪. | ধর্ম : | ১৫. | পেশা : |

১৬. শিক্ষাগত যোগ্যতা :

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/ বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

১৭. অতিরিক্ত যোগ্যতা(যদি থাকে):

১৮. অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে):

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯. | কোটা (টিক দিন): | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কণ্যার পুত্র-কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য(উল্লেখ করুন) |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০. | চালান/ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার নম্বর : | তারিখঃ | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
| | ব্যাংক ও শাখার নাম : | | | | | | | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা(টিক দিন): | হ্যা | না | প্রযোজ্য নয় | | | | | | |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মুল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

| তারিখ | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
|---|---|---|---|---|---|---|---|---|

প্রার্থীর স্বাক্ষর

CamScanner